তারিখ ... 16 MAY 2016 ...
পৃষ্ঠা ... 2 ... কলাম ... 9 ...

কালের কণ্ঠ

### প্রেমের প্রস্তাবের ভিডিও অনলাইনে

# ঢাকা কমার্স কলেজের ১১ শিক্ষার্থীকে শাস্তি

**নিজস্ব প্রতিবেদক ▷**

প্রেমের প্রস্তাব দেওয়ার ভিডিও অনলাইনে ছড়িয়ে পড়ার ঘটনায় দুই শিক্ষার্থীকে বহিষ্কার করেছে ঢাকা কমার্স কলেজ। এ ছাড়া ভর্তি বাতিল করা হয়েছে আরো ৯ শিক্ষার্থীর। এদের সবার বিরুদ্ধে শৃঙ্খলা ভঙ্গের অভিযোগ আনা হয়েছে।

ভিডিওতে দেখা যায়, রাস্তায় কয়েকজন শিক্ষার্থী দাঁড়িয়ে আছে। একটু পরে কয়েকজন শিক্ষার্থী হাতে হাত ধরে দুজনকে আলাদা করে মানববৃত্তের ভেতরে নিয়ে আসে। এরপর বৃত্তের ভেতরে ছেলেটি হাঁটু গেড়ে বসে মেয়েটির হাতে একটি আংটি পরিয়ে প্রেমের প্রস্তাব দেয়। মেয়েটি তাতে রাজি হয় এবং পরস্পরকে জড়িয়ে ধরে।

এ ঘটনা ভিডিও করে অনলাইনে ছেড়ে দেওয়া হয়। বর্তমানে বিভিন্ন সামাজিক যোগাযোগ মাধ্যমে এ নিয়ে কথা হচ্ছে। এ পরিস্থিতিতে গতকাল জড়িত ১১ শিক্ষার্থীর বিরুদ্ধে ব্যবস্থা নেয় কলেজ কর্তৃপক্ষ। এদের সবাই একাদশ শ্রেণির শিক্ষার্থী।